



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

শহীদ এ.এইচ.এম. কামারুজ্জামান সরকারি ডিগ্রি কলেজ, রাজশাহী।

E-mail: [kamaruzzamandegreecollege@yahoo.com](mailto:kamaruzzamandegreecollege@yahoo.com),

skcr2018@gmail.com

Website: [www.skcr.edu.bd](http://www.skcr.edu.bd), tel: 0247-860890

EIIN-126484



## নোটিশ

তারিখ: ১৫/০৬/২০২১

২০২২ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের (অর্থাৎ ২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ছাত্র-ছাত্রী) জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রণীত বিষয়ভিত্তিক মূল্যায়ন রুব্রিক্সসহ অ্যাসাইনমেন্ট ১৪ জুন ২০২১ তারিখ সোমবার থেকে শুরু হয়েছে। এমতাবস্থায় অ্যাসাইনমেন্ট নম্বর - ০১ এ উল্লেখিত বাংলা, পদার্থবিজ্ঞান, পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি, যুক্তিবিদ্যা ও হিসাববিজ্ঞান বিষয়ের অ্যাসাইনমেন্ট আগামী ১৯/০৬/২০২১ তারিখ শনিবারের মধ্যে সম্পন্ন করতে হবে। একইভাবে প্রতি সপ্তাহের অ্যাসাইনমেন্ট প্রতি শনিবারের মধ্যে সম্পন্ন করতে হবে এবং প্রতি শনিবার সকাল ১০.০০ টা হতে বেলা ২.০০ টার মধ্যে কলেজ প্রাপ্তনের নির্ধারিত বক্সে জমা প্রদান করতে হবে। অগ্রগতি জানার জন্য পরবর্তী সপ্তাহে শিক্ষার্থীরা মূল্যায়নকৃত অ্যাসাইনমেন্ট গ্রহণ করবে এবং অভিভাবকের স্বাক্ষর নিয়ে আবার পরবর্তী সপ্তাহে সংশ্লিষ্ট শিক্ষকের নিকট জমা দিবে। কোভিড ১৯ অতিমারি ও চলমান লকডাউনের কারণে প্রথম ও দ্বিতীয় সপ্তাহের অ্যাসাইনমেন্ট এক সাথে আগামী ২৬/০৬/২০২১ শনিবার জমা দিতে হবে (যদি চলমান লকডাউন শিথিল হয়)। প্রতি সপ্তাহের অ্যাসাইনমেন্ট ও নির্দেশনা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইট [www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd) ও কলেজের ওয়েব সাইট এবং ফেইসবুক পেইজে পাওয়া যাবে। সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক শিক্ষকগণ অনলাইনে আগামী ১৬/০৬/২০২১ তারিখ হতে তোমাদের জন্য অ্যাসাইনমেন্ট বিষয়ে দিক নির্দেশনা প্রদান করবেন।

### শিক্ষার্থীদের জন্য নির্দেশনা:

১. A4 সাইজ কাগজে লিখতে হবে। কাগজের উভয় পৃষ্ঠায় লেখা যাবে না। অর্থাৎ এক পৃষ্ঠায় লিখতে হবে।
২. প্রতিটি পৃষ্ঠায় পৃষ্ঠা নম্বর উল্লেখ্য করতে হবে।
৩. অ্যাসাইনমেন্ট এর কভার পৃষ্ঠা থাকতে হবে। যেখানে ধারাবাহিকভাবে প্রতিষ্ঠানের নাম, বিষয়ের নাম, অ্যাসাইনমেন্ট নম্বর, অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের শিরোনাম, শিক্ষার্থীর নাম, শ্রেণি, শাখা/বিভাগ, আইডি (রোল নম্বর) ও জমাদানের তারিখ স্পষ্টভাবে লিখতে হবে।
৪. অ্যাসাইনমেন্ট নিজ হাতে লিখতে হবে।
৫. এনসিটিবি অনুমোদিত বই ছাড়া অন্যকোন মাধ্যম বা গাইড বই ব্যবহার করা যাবে না।
৬. মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষার্থীর নিজস্বতা, স্বকীয়তা ও সৃজনশীলতা যাচাই করা হবে।
৭. অ্যাসাইনমেন্ট এর বিষয়বস্তু, শিখনফল, নির্দেশনা (সংকেত, ধাপ, পরিধি) বিবেচনায় নিয়ে লিখা সম্পন্ন করতে হবে।

স্বাস্থ্যবিধি মেনে অ্যাসাইনমেন্টের সকল কাজ সম্পন্ন করতে হবে। কোনভাবেই সরকার কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য বিধির নির্দেশনা উপেক্ষা করা যাবে না।

অধ্যক্ষ

শহীদ এ. এইচ. এম. কামারুজ্জামান সরকারি ডিগ্রি কলেজ  
রাজশাহী।

অনুলিপি:

১। অফিস সংরক্ষণ।

শহীদ এ.এইচ.এম. কামারুজ্জামান সরকারি ডিগ্রি কলেজ  
রাজশাহী।

২০২২ সালের পরীক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট

বিষয় :

এ্যাসাইনমেন্ট নং :

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের শিরোনাম:

শিক্ষার্থীর নাম :

শ্রেণি :

শাখা/বিভাগ :

আইডি (রোল নম্বর) :

জমাদানের তারিখ :

মূল্যায়ন:	
শিক্ষকের মন্তব্য:	

মূল্যায়নকৃত শিক্ষকের স্বাক্ষর ও তারিখ

অভিভাবকের স্বাক্ষর ও তারিখ